



ইনফ্রাস্ট্রাকচার
ডেভেলপমেন্ট
কোম্পানী
লিমিটেড

Celebration of 3 million Solar Home Systems under IDCOL Renewable Energy Program

5 November 2014 | Pan Pacific Sonargaon, Dhaka



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২০ কার্তিক ১৪২১
০৪ নভেম্বর ২০১৪

বাণী

ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) নবায়নযোগ্য শক্তি কর্মসূচির অধীনে ত্রিশ লাখ সোলার হোম সিস্টেম স্থাপনের মাইলফলক অতিক্রম করেছে যেনে আমি আনন্দিত। এটি বিদ্যুৎবিহীন এলাকায় বাস্তবায়িত বিশ্বের সর্ববৃহৎ নবায়নযোগ্য শক্তি কর্মসূচি। এর মাধ্যমে দেশের ৯ শতাংশ জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধা প্রদান করা হয়েছে।

পল্লী অঞ্চলের জনগণের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে ইডকলের সোলার হোম সিস্টেম কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র ব্যবসায়ী, কৃষিরশিল্প ও অন্যান্য পেশায় কর্মরত জনসাধারণ এবং শিক্ষার্থীরা তাদের কর্মসময় বৃদ্ধির মাধ্যমে সৌর বিদ্যুতের সুফল ভোগ করছেন। সামগ্রিকভাবে ইডকলের এ কর্মসূচির ফলে গ্রামীণ অর্থনীতিতে এক নতুন অধ্যায় রচিত হয়েছে।

সোলার হোম সিস্টেম কর্মসূচির পাশাপাশি ইডকল অন্যান্য নবায়নযোগ্য শক্তি কার্যক্রম সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করেছে যেনে আমি আনন্দিত। সৌরশক্তিকে কাজে লাগিয়ে এ খাতে অধিকতর সাফল্য আনা সম্ভব। বিশেষতঃ সৌর সেচ-পাম্পকে জনপ্রিয় করা গেলে ডিজেল ও প্রচলিত বিদ্যুতের ওপর নির্ভরতা অনেকাংশেই হ্রাস পাবে - যা দেশের অর্থনীতিতে ইতিবাচক ভূমিকা রাখবে।

আমি আশা করি, ইডকল এ জাতীয় কর্মসূচির অধিকতর সম্প্রসারণের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করার সরকারি অঙ্গীকার বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাবে।

আমি ইডকলের এ সকল কর্মসূচির সফল বাস্তবায়ন কামনা করছি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।
শেখ হাসিনা



ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম
মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি
ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা

বাণী

আমি যেনে আনন্দিত হয়েছি যে, ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) তার নবায়নযোগ্য শক্তি কর্মসূচির সফল বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে ৩০ লক্ষ সোলার হোম সিস্টেম স্থাপন করেছে। এর ফলে দেশের প্রায় ৯ শতাংশ লোক সৌরবিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে যা বর্তমান সরকারের এক অভাবনীয় সাফল্য। তাছাড়া, কেরোসিনের ব্যবহার হ্রাসের মাধ্যমে প্রতিবছর প্রায় ১২০ মিলিয়ন মার্কিন ডলার বৈদেশিক মুদ্রার সাহায্য হচ্ছে।

নবায়নযোগ্য শক্তির বিপুল ব্যবহার ও প্রসারের ফলে জ্বালানি আমদানি হ্রাস পাবে এবং জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে যা দেশের টেকসই উন্নয়নের অন্যতম পূর্বশর্ত।

আমি ইডকলের এ যুগোপযোগী উদ্যোগের অধিকতর সাফল্য কামনা করছি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

(ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম)



নির্বাহী পরিচালক ও
প্রধান নির্বাহী কর্মকর্তা
ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট
কোম্পানী লিমিটেড (ইডকল)

বাণী

ইডকলের সৌরবিদ্যুৎ কর্মসূচি বিদ্যুৎবিহীন এলাকায় বাস্তবায়িত বিশ্বের সর্ববৃহৎ নবায়নযোগ্য শক্তি কর্মসূচি হওয়ার বিরল পৌরব অর্জন করেছে। সরকার ও উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের একনিষ্ঠ পৃষ্ঠপোষক এবং ইডকল ও এর সহযোগী প্রতিষ্ঠানসমূহের নিবেদিতপ্রাণ কর্মীগণ, সোলার হোম সিস্টেমের যাত্রাশে উৎসাহিত ও সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ ও স্থানীয় বিশেষজ্ঞগণের সমন্বিত প্রয়াসের ফলেই এ অতুতপূর্ণ সাফল্য এসেছে। এজন্য আমি এই কর্মসূচির সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ইডকলের সৌরবিদ্যুৎ কর্মসূচি গ্রামীণ অর্থনীতিতে এক নীরব বিপ্লব ঘটিয়েছে। আগে যেখানে লোকজন সন্ধ্যা হলেই কাজকর্ম শেষ করে ঘুমিয়ে পড়তো এখন সেখানে অধিক রাত অবধি কাজকর্ম করতে পারছেন। সোলার হোম সিস্টেমের প্রায় সকল উপকরণই এখন দেশে প্রস্তুত হচ্ছে যা জাতীয় অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখছে। এ কর্মসূচির ফলে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রায় ৭০ হাজার কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। তাছাড়া, কেরোসিনের ব্যবহার হ্রাসের মাধ্যমে পরিবেশের উন্নয়নের সাথে সাথে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রার সাহায্যও করছে।

ইডকল ২০১৭ সালের মধ্যে আরও ৩০ লক্ষ সোলার হোম সিস্টেম স্থাপনের লক্ষ্যমাত্রা ধার্য করেছে যার ফলে আরও প্রায় দেড় কোটি লোক বিদ্যুৎ সুবিধার আওতায় আসবে।

আমি আশা করি আজকের এই শুভক্ষেপে ইডকল ও এর সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীগণ নতুন উদ্যমে গৃহীত কার্যক্রম বাস্তবায়নে এগিয়ে যাবেন।

(মাহমুদ মালিক)

IDCOL at a Glance

Established by the Government of Bangladesh, the journey of IDCOL commenced in 1998 as a non-bank financial institution (NBF). Since its inception, IDCOL is playing a major role in developing medium and large-scale infrastructure as well as renewable energy projects in Bangladesh. The company now stands as the leader in private sector energy and infrastructure financing in Bangladesh.

Solar Home System Program:

IDCOL Solar Home System (SHS) program is the largest and fastest growing off-grid electrification program of the world. The program started in 2003 to ensure access to clean electricity in the off-grid rural areas of Bangladesh and hence, supplements the government's vision of ensuring 'Access to Electricity for All' by 2021. Till August 2014, more than 3 million SHSs have been installed across Bangladesh, covering a staggering 9% of the country's entire population. In addition, the program has contributed towards creation of more than 70,000 jobs, annual saving on import of kerosene worth USD 175 million and development of local support industries. The program is being implemented through 47 Participating Organizations (POs) including NGOs, MFIs and private sector companies. With funding support from the World Bank, ADB, JICA, IDB, GEF, GIZ, KFW, GPOBA, USAID and UKAID, more than 60,000 SHSs are now being installed every month under the program. IDCOL has a target to finance installation of 6 million SHSs by 2017.

Domestic Biogas and Manure Program:

IDCOL started its Domestic Biogas and Manure Program with support from SNV, Netherlands and KFW, Germany in 2006. In 2012, the World Bank also joined to support the program. IDCOL has already financed construction of over 34,000 biogas plants through its 41 partner organizations and has a plan to install 100,000 such plants by 2018. Gas produced from these plants is used primarily for cooking purposes in rural households. In addition, an average biogas plant produces about 2.4 ton organic fertilizer per year.

Improved Cook Stove Program:


IDCOL launched the 'Improved Cook Stove Program' in 2013. With funding support from the World Bank, IDCOL plans to install 1 million ICSs throughout Bangladesh by 2016. Stoves under the program will be very efficient emitting very little smoke hence will reduce air pollution and will help to prevent health hazards. Stoves under the program will also consume 50% less firewood compared to traditional stoves.

Solar Irrigation Program:

Solar based irrigation system is an innovative, economic and environment friendly solution for the agro-based economy of Bangladesh. IDCOL plans to finance 1,550 solar based irrigation pumps by 2017. Till date, IDCOL financed 191 solar irrigation pumps of which 70 are already in operation. With the successful implementation of the program, Bangladesh has tremendous potential to gradually replace the existing diesel powered pumps with solar irrigation pumps in the foreseeable future.

In addition, IDCOL also promotes and finances solar PV based mini and micro grid projects, biomass and biogas based electricity generation plants, solar based BTSs etc. The 100 kW solar micro-grid project in the Sandwip island supplies electricity to 390 shops, 5 health centers and 5 schools. 7 more mini-grid projects are under implementation. IDCOL has also financed 98 solar BTSs, 9 biogas based and 2 biomass based power plants. By 2017, IDCOL has a target to finance 1,000 solar BTSs, 50 mini-grid and 130 biogas-based power plants.

Collaborative efforts of each stakeholder has made it possible for IDCOL to get global recognitions for its renewable energy activities. The Government with its vision and policy support, the development partners with their experience and knowledge, the POs with their root level access, the private sector with its dynamism and IDCOL with its dedication and hard work have contributed towards the successful dissemination of renewable energy in Bangladesh.



আবুল মাল আবদুল মুহিত
মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আমি আনন্দিত যে, সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) তার নবায়নযোগ্য শক্তি কর্মসূচির অধীনে ইতোমধ্যে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে ৩০ লক্ষাধিক সোলার হোম সিস্টেম স্থাপন করেছে।

সোলার হোম সিস্টেম স্থাপনের ফলে পল্লী অঞ্চলের জনসাধারণ পরিবেশবান্ধব সৌর বিদ্যুৎ সুবিধা ভোগ করছেন। আমরা এ কর্মসূচির অধিকতর সম্প্রসারণের লক্ষ্যে সোলার প্যানেল আমদানি সম্পূর্ণ ঠিক ও করমুক্ত রেখেছি। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে আমরা নির্বাচিত সহযোগী সংস্থাগুলোকে ইডকলের মাধ্যমে সহজশর্তে ঋণ, অনুদান ও প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করছি।

ইডকলের সৌর বিদ্যুৎ কর্মসূচি গ্রামীণ অর্থনীতির অগ্রযাত্রায় গতি সঞ্চার করেছে এবং জীবনযাত্রার মানোন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছে।

আমি ইডকলের এ সকল নবায়নযোগ্য শক্তি কর্মসূচির অধিকতর সাফল্য কামনা করছি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(আবুল মাল আবদুল মুহিত, এমপি)



নসরুল হামিদ এমপি
প্রতিমন্ত্রী
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) নবায়নযোগ্য শক্তি কর্মসূচির অধীনে ৩০ লক্ষ সোলার হোম সিস্টেম স্থাপন করেছে যেনে আমি আনন্দিত। এ প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার শুভেচ্ছা ও অভিনন্দন।

জ্বালানি চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। দ্রুত উন্নয়নের জন্য প্রয়োজন নিরবচ্ছিন্ন শক্তি ও জ্বালানি। এ জ্বালানি চাহিদা পূরণে নবায়নযোগ্য জ্বালানি কার্যকরী ভূমিকা রাখতে পারে। পরিবেশের উপর বিরূপ প্রভাব না থাকায় নবায়নযোগ্য জ্বালানি ক্লিন এনার্জি হিসেবে সুপরিচিত এবং জীবনযাত্রার মত নিঃশেষ হয়ে যাবে না বিধায় এ জ্বালানি টেকসই। সরকার, নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন, সংগঠন ও ব্যবহার বৃদ্ধির জন্য আন্তরিকভাবে কাজ করছে। আমি আশা করি, ইডকল নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন বৃদ্ধি করে বিদ্যুৎ ও জ্বালানি ঘাটতি পূরণে আরো কার্যকর অবদান রাখবে।

আমি ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) এর অব্যাহত সাফল্য কামনা করছি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(নসরুল হামিদ)



সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
এবং চেয়ারম্যান, ইডকল
২০ কার্তিক ১৪২১
৪ নভেম্বর ২০১৪

বাণী

আজকের দিনটি সরকারি মালিকানাধীন আর্থিক প্রতিষ্ঠান ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) এর জন্য একটি গৌরবোজ্জ্বল দিন। ইডকল তার সৌরবিদ্যুৎ কর্মসূচির মাধ্যমে এ পর্যন্ত ৩০ লক্ষাধিক সোলার হোম সিস্টেম স্থাপন করেছে যার ফলে দেশের বিদ্যুৎবিহীন অঞ্চলের প্রায় দেড় কোটি অধিবাসী বিদ্যুৎ সুবিধা পাচ্ছেন। এ অসামান্য সাফল্যের জন্য আমি ইডকল ও এর সহযোগী সংগঠনসমূহকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

ইডকলের সৌরবিদ্যুৎ কর্মসূচি একটি সমন্বিত উদ্যোগ যাতে সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের সামর্থ্যের সবাধিক প্রয়োগ ঘটিয়েছেন। ফলশ্রুতিতে তা গ্রামীণ অর্থনীতিতে গতিসঞ্চার করেছে এবং জীবনযাত্রার মানোন্নয়নে সহায়ক ভূমিকা পালন করেছে। ইডকলের এ সাফল্য অনুপ্রাণিত হয়ে উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ ইডকলকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করছেন যা প্রতিষ্ঠানটির অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সৌরবিদ্যুৎ কর্মসূচির মতো ইডকল অন্যান্য কর্মসূচিসমূহ যেমন গার্হস্থ্য বায়োগ্যাস কর্মসূচি, উন্নত-চুলা কর্মসূচি, সৌর সেচ-পাম্প, সোলার মিনি-গ্রীড ইত্যাদির সম্প্রসারণের ক্ষেত্রেও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করছে।

নবায়নযোগ্য শক্তির সম্প্রসারণের পাশাপাশি ইডকল ভৌত অবকাঠামো প্রকল্প যেমন বিদ্যুৎ, টেলিকম, আইসিটি, বন্দর ও যোগাযোগখাতের উন্নয়নেও বিনিয়োগ সহায়তা দিয়ে যাচ্ছে। অবকাঠামো খাতে অধিকতর বিনিয়োগ সহায়তার মাধ্যমে ইডকল দেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

আমি ইডকলের এসকল কার্যক্রম সফলতার সাথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক ধন্যবাদ জানাই এবং সার্বিক সফলতা কামনা করছি।

(মোহাম্মদ মেজবাবউদ্দিন)

সৌরশক্তি ব্যবহার করি
বাসযোগ্য পৃথিবী গড়ি

GreenEnergy
EXPO 2014

৬-৭ নভেম্বর ২০১৪
প্যান প্যাসিফিক সোনারগাঁও, ঢাকা
সকাল ৯টা - সন্ধ্যা ৬টা
মেলা সফলের জন্য উন্মুক্ত